সারাবাংলার জনগণ আওয়ামী লীগের সাথে আছে: শফিকুর রহমান চৌধুরী

চেম্বার ডেস্ক: সিলেট জেলা আওয়ামী লীগের সভাপতি ও সিলেট-২ আসনে নৌকার মনোনীত প্রার্থী শফিকুর রহমান চৌধুরী বলেছেন, বাংলাদেশে আওয়ামী লীগের ক্ষমতার উৎস দেশের জনগণ, বন্দুকের নল নয়। সারাবাংলার জনগণ আওয়ামী লীগের সাথে আছে তাই আওয়ামী লীগের বিরুদ্ধে মিথ্যা কোনো যড়যন্ত্র করে লাভ নেই আওয়ামী লীগ তা ভয় পায় না।

তিনি মঙ্গলবার (১২ ডিসেম্বর) বিকাল ৪টায় বিশ্বনাথ উপজেলার দৌলতপুর ও রামপাশা ইউনিয়ন আওয়ামী লীগের পৃথক বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি আরও বলেন, আওয়ামী লীগের শিকড় বাংলাদেশের মাটির অনেক গভীরে। মাটি ও মানুষের দল হিসেবে জনমানুষের বুকের গভীরে শেখ হাসিনা ও আওয়ামী লীগ ঠাঁই করে নিয়েছে। দেশের প্রতিটি আন্দোলন সংগ্রামে, অর্জনে সমৃদ্ধিতে বাংলাদেশ আওয়ামী লীগ নেতৃত্বে দিয়েছে। তাই যারা মনে করেন আওয়ামী লীগের অবস্থান তাসের ঘরের মতো তারা বোকার স্বর্গে বাস করছেন।

দৌলতপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আরিফ উল্লাহ সিতাবের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মো. আব্দুল আজিজের পরিচালনায় এবং রামপাশা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক নজির আহমদের পরিচালনায় পৃথক দুটি সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশ্বনাথ উপজেলা আওয়ামী লীগের সভাপতি শাহ আসাদুজ্জামান, সাধারণ সম্পাদক ফারুক আহমদ, সহ-সভাপতি আব্দুল কাদির, জবেদুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ আমির আলী, শিক্ষা বিষয়ক সম্পাদক মো সিরাজুল ইসলাম সিরাজ, ধর্ম বিষয়ক সম্পাদক ফখর উদ্দিন, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আনোয়ার হোসেন, সদস্য এমদাদুল হক, মো. আবুল কাশেম, তপন কুমার দাস, মিজানুর রহমান, বীর মুক্তিযোদ্ধা মনির উদ্দিন চৌধুরী, সিলেট জেলা যুবলীগের সহ সভাপতি আলমগীর হোসেন, আওয়ামী লীগ ও সাবেক চেয়ারম্যান আনোয়ার খান, খাজাঞ্চি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আরশ

আলী গণি, পৌর আওয়ামী লীগের যুগ্ম আহবায়ক আলতাফ হোসেন, পৌর স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক রফিক আলী, সিলেট জেলা স্বেচ্ছাসেবক লীগের সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক বিভাংশু দুল বিভু, ওয়াল্ডন যুবলীগের সভাপতি মশরফ আলী।

অন্যান্যদের মধ্যে দৌলতপুর সভায় বক্তব্য রাখেন, দৌলতপুর ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আবুল কাহার, সাংগঠনিক সম্পাদক কবির আহমদ, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক খালেদ রব, ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সিরাজ উদ্দিন, ২নং ওয়ার্ডের সভাপতি ফজর আলী, ৩নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আনসার আলী, ৪নং ওয়ার্ডের যুগ্ম সম্পাদক মুহিন আহমদ নেপুর, ৫নং ওয়ার্ডের সভাপতি আরশ আলী, ৬নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক শওকত আলী, ৭নং ওয়ার্ডের সভাপতি নোয়াব আলী, ৮নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক শাহজাহান, ৯নং ওয়ার্ডের সভাপতি আহমদ আলী, ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি আবুল কাশেম, দৌলতপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নিজাম উদ্দিন, দৌলতপুর ইউনিয়ন কৃষকলীগের সাধারণ সম্পাদক ছালিক মিয়া, দৌলতপুর ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক মো. আক্তার হোসেন শেখ।

রামপাশা ইউনিয়নের বর্ধিত সভায় বক্তব্য রাখেন, বিশ্বনাথ উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আতিকুর রহমান, সিলেট জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য ফয়সল আহমদ, বিশ্বনাথ উপজেলা শ্রমিকলীগের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি বশির মিয়া, ২নং ওয়ার্ডের সভাপতি নানু মিয়া, ৩নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক রাসেল আহমদ, ৪নং ওয়ার্ডের সভাপতি মকদ্দুস আলী, সাধারণ সম্পাদক আফরোজ আলী, ৫নং ওয়ার্ডের নেতা সৈয়দ লোকমান আলী, ৬নং ওয়ার্ডের সভাপতি ফয়জুল নুর, ৭নং ওয়ার্ডের সভাপতি জামাল মিয়া, সাধারণ সম্পাদক আব্দুল আহাদ, ৮নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আব্দুল হাকিম, ৯নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক আব্দুল বাতিন প্রমুখ।

পৃথক দুটি সভায় আওয়ামী লীগ ছাড়াও অঙ্গ সহযোগী সংগঠনের অসংখ্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।